# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2019

## BENGALI

## মঙ্গলকাব্য, চরিতসাহিত্য ও আরাকান রাজসভার সাহিত্য

## CORE-5 (CCBNGH5)

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) বিষ্ণুর দশ অবতারের মধ্যে যে কোন ‘চারটি’ অবতারের নাম লেখো।

(খ) শ্রীচৈতন্যের প্রথমা পত্নীর নাম কী ?

(গ) কত খ্রীষ্টাব্দে ‘চণ্ডীমঙ্গল’ কাব্য প্রথম ছাপার অক্ষরে প্রকাশিত হয় ?

(ঘ) ‘তন্ত্রবিভূতির’ মনসাপুরাণ কাব্যটি কে আবিষ্কার করেন ?

(ঙ) ‘আরাকান’ রাজসভার অপর নাম কী ?

(চ) ‘চৈতন্যচরিতামৃতে’র রচনাকার কৃষ্ণদাসের উপাধি কী ছিল ?

(ছ) ‘লোরচন্দ্রানী’ বা ‘সতীময়না’ কোন ধরনের রচনা ?

(জ) ‘হইল পাপিষ্ঠ জন্ম না হৈল তখনে / হইলাঙ বঞ্চিত সে সুখ দরশনে।’ – এখানে পাপিষ্ঠ কে ?

(ঝ) দেবী চণ্ডী কালকেতুকে কয় ঘড়া ধন দান করেছিলেন ?

(ঞ) বেহুলা কোন কলাবিদ্যায় নিপুণ ছিলেন ?

(ট) ‘নিষ্কাম কর্ম’ কথাটির অর্থ কী ?

(ঠ) ‘আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান’ — কোন্ রচনার অংশ ?

(ড) মুকুন্দ চক্রবর্তী রচিত কাব্যে কয়টি খণ্ড রয়েছে ?

(ঢ) ‘হরিষ বিষাদ’ শব্দটির অর্থ পরিস্ফুট করো।

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) টীকা লেখোঃ চৈতন্যভাগবত

(খ) টীকা লেখোঃ মনসা পুরাণ

(গ) সংক্ষেপে আলোচনা করোঃ ‘বারোমাস্যা’।



Digitized by Mr. Binoy Sharma, Librarian, Cooch Behar College

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ‘চণ্ডীমঙ্গল কাব্যে’ গুজরাট নগর পত্তনে কালকেতু কী কী করেছিলেন ?

(খ) বৃন্দাবন দাসের ‘চৈতন্যভাগবত’ অনুসারে গয়াভূমিতে ঈশ্বরপুরীর সঙ্গে তার সাক্ষাৎকারের বিষয়টি অতি সংক্ষেপে লেখো।

(গ) ‘পশুদের গোহারি’ অংশের মধ্য দিয়ে মানবজীবনের যে বেদনা প্রকাশিত হয়েছে তার বর্ণনা দাও।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) ‘চণ্ডীমঙ্গল কাব্যে’ অনেক দুঃখের কথা বর্ণনা আছে , তবে কি কবিকে দুঃখবাদী কবি বলা যায় — আলোচনা করো।

(খ) রাজসভার সাহিত্য বলতে কি বোঝায় ? আরাকান রাজসভায় যে সাহিত্য রচিত হয়েছে তার বিস্তারিত বিবরণ দাও।

(গ) ‘চৈতন্যভাগবত’-এর ‘আদিলীলা’ অনুসরণে বৃন্দাবন দাসের কবি কৃতিত্ব আলোচনা করো।

——×——



Digitized by Mr. Binoy Sharma, Librarian, Cooch Behar College

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2019

## BENGALI

## প্রাচীন ভারতীয় কাব্যতত্ত্ব, ছন্দ ও অলংকার

## CORE-6 (CCBNGH6)

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) ‘ধ্বন্যালোকঃ’ গ্রন্থের লোচন টীকা কে লেখেন ?

(খ) ‘নাট্যশাস্ত্র’ গ্রন্থের রচয়িতার নাম লেখো।

(গ) ধ্বনির লক্ষণ বিচার করতে গিয়ে ধ্বনিবাদীরা কাব্যের কোন দু’টি অর্থের কথা বলেছেন ?

(ঘ) অবিবক্ষিত বাচ্যধ্বনির শ্রেণিবিভাগ করো।

(ঙ) ধ্বনিবাদীগণ কাব্যকে কয়টি শ্রেণিতে বিভক্ত করেছেন ?

(চ) ‘জুগুপ্সা’ স্থায়ী ভাব সাহিত্যে কোন রসে পরিণত হয় ?

(ছ) ‘রসনিষ্পত্তি’ প্রসঙ্গে ভট্টলোল্লটের ব্যাখ্যা কী নামে পরিচিত ?

(জ) ‘পর্বাঙ্গ’ কাকে বলে ?

(ঝ) ‘লয়’ কাকে বলে ?

(ঞ) ‘শোষণ শক্তি’ কোন ছন্দোরীতির প্রধান বৈশিষ্ট্য ?

(ট) ‘‘কানুর পিরীতি চন্দনের রীতি ঘষিতে সৌরভময়’’ - কোন অলংকারের দৃষ্টান্ত ?

(ঠ) ‘‘আসল কথাটা চাপা দিতে ভাই কাব্যের জাল বুনি।’’ - এই পংক্তিতে কোন অলংকার ব্যবহৃত হয়েছে ?

(ড) ‘‘কণ্ঠস্বরে বজ্র লজ্জাহত’’ - এটি কোন অলংকারের উদাহরণ ?

(ঢ) চরণ কাকে বলে ?

(ণ) স্তবকের সংজ্ঞা লেখো।



Digitized by Mr. Binoy Sharma, Librarian, Cooch Behar College

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) ছন্দোলিপি প্রস্তুত করোঃ

''বৃষ্টি কোথায় লুকিয়ে বেড়ায় উড়ো মেঘের দল হয়ে।

সেই দেখা দেয় আরেক ধারায় শ্রাবণ-ধারার জল হয়ে॥''

**অথবা**

''রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।

প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর॥''

(খ) অলংকার নির্ণয় করোঃ

'বৃষ্টিছলে কাঁদিলা গগন।'

**অথবা**

'নিন্দি ইন্দীবর মুখ, আকর্ণ দীঘল বিলোচন।'

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) মিশ্রবৃত্ত ছন্দ কাকে বলে ? এই ছন্দের বৈশিষ্ট্য অন্তত দু'টি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(খ) উৎপ্রেক্ষা অলংকার কাকে বলে ? এই অলংকারের বিভিন্ন ভাগগুলো উপযুক্ত উদাহরণ সহযোগে আলোচনা করো।

(গ) বিভাবানুভাব, ব্যভিচারী সংযোগে কীভাবে রসের নিষ্পত্তি ঘটে আলোচনা করে দেখাও।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'রসধ্বনিই শ্রেষ্ঠ ধ্বনি' – উপযুক্ত উদাহরণ সহযোগে আলোচনা করো।

(খ) শ্লেষ অলংকারের সংজ্ঞা, শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা করো।

(গ) বাংলা কবিতায় ছন্দের বিবর্তন নিয়ে আলোচনা করো।

——×——



Digitized by Mr. Binoy Sharma, Librarian, Cooch Behar College

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2019

## BENGALI

## উনিশ শতকের গদ্য ও কাব্য

## CORE-7 (CCBNGH7)

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) ‘ব্রাহ্মণ সেবধি’ পত্রিকার প্রকাশক কে ?
(খ) ‘এ কি কথা শুনি আজ মন্থরার মুখে’- কার লেখা, কোন্ রচনার অন্তর্গত ?
(গ) কস্যচিৎ উপযুক্ত ভাইপোস্য ছদ্মনামে রচিত দুটি রচনার নাম লেখো।
(ঘ) ‘সংবাদ প্রভাকর’ পত্রিকার সম্পাদকের নাম লেখো।
(ঙ) ‘দীপ ও ধূপ’ কাব্যের রচয়িতা কে ?
(চ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত দুটি আখ্যানকাব্যের নাম লেখো।
(ছ) ‘হুতোম প্যাঁচার নক্‌শা’ – কোন্ ধরনের রচনা ?
(জ) রামরাম বসু রচিত দুটি গ্রন্থের নাম লেখো।
(ঝ) গিরীন্দ্রমোহিনী দাসীর তিনটি কবিতার নাম লেখো।
(ঞ) ‘নবপর্যায় বঙ্গদর্শন’ পত্রিকাটির সম্পাদক কে ছিলেন ?
(ট) ‘অপূর্ব বীরাঙ্গনা’ কাব্যটি কার লেখা ?
(ঠ) ‘ভ্রান্তিবিলাস’ – কার, কোন্ রচনার বঙ্গানুবাদ ?
(ড) ঈশ্বরগুপ্ত রচিত চরিত গ্রন্থটির নাম কি ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ের উপর টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) ‘কমলাকান্তের দপ্তর’
(খ) ‘বৃত্রসংহার কাব্য’
(গ) ‘তত্ত্ববোধিনী পত্রিকা’।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।
(খ) বীরাঙ্গনা কাব্যের নায়িকারা যথার্থই বীরাঙ্গনা কিনা আলোচনা করো।
(গ) বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে কবি গোবিন্দচন্দ্র দাসের বৈশিষ্ট্য আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) ‘ভোরের পাখি’ আখ্যায় কে, কাকে আখ্যায়িত করেন ? বাংলা সাহিত্যে তাঁর কৃতিত্ব আলোচনা করো।
(খ) প্রারম্ভ থেকে ‘বঙ্গদর্শন’ পর্যন্ত বাংলা সাময়িক পত্রিকার ইতিহাস সংক্ষেপে বিবৃত করো।
(গ) পত্রকাব্য কাকে বলে ? পত্রকাব্য হিসেবে ‘বীরাঙ্গনা’ কাব্যের সার্থকতা বিচার করো।

——×——



Digitized by Mr. Binoy Sharma, Librarian, Cooch Behar College